

## 🗏 আন-নিসা | An-Nisa | ٱلنِّسَاء

আয়াতঃ ৪:৮০

## **া** আরবি মূল আয়াত:

## مَن يُّطِعِ الرَّسُولَ فَقَد اَطَاعَ اللهَ وَ مَن تَوَلِّى فَمَا اَرسَلنَكَ عَلَيهِم حَفِيظًا ﴿ كَانِ مُن يُطِعِ الرَّسُولَ فَقَد اَطَاعَ اللهَ وَ مَن تَوَلِّى فَمَا اَرسَلنَكَ عَلَيهِم حَفِيظًا ﴿ كَانِهُم اللهُ عَلَيهِم حَفِيظًا ﴿ كَانِهُم اللهُ عَلَيهِم حَفِيظًا اللهُ عَلَيهِم حَفِيظًا ﴿ كَانِهُ مَا اللهُ اللهُ عَلَيهِم حَفِيظًا اللهُ عَلَيهِم عَلَيهِم عَلَيهِم حَفِيظًا اللهُ عَلَيهِم عَلَيه عَلَيهِم عَلَيهِم عَلَيهِم عَلَيهِم عَلَيهِم عَلَيهِم عَلَيه عَلَيه عَلَيه عَلَيه عَلَيْهِم عَلَيْهِم عَلَي عَلَيهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهُم عَلَيْهِم عَلَيْهِم عَلَيه عَلَيْه عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهُم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْهِم عَلَيْه عَلَيْهِم عَلَيْه عَلَيْهِم عَلَ

## 

যে রাসূলের আনুগত্য করল, সে আল্লাহরই আনুগত্য করল। আর যে বিমুখ হল, তবে আমি তোমাকে তাদের উপর তত্ত্বাবধায়ক করে প্রেরণ করিনি। — আল-বায়ান

যে রসূলের আনুগত্য করল, সে তো আল্লাহরই আনুগত্য করল, কেউ মুখ ফিরিয়ে নিলে (জোরপূর্বক তাকে সৎপথে আনার জন্য) আমি তোমাকে তাদের প্রতি পাহারাদার করে পাঠাইনি। — তাইসিরুল

যে কেহ রাসূলের অনুগত হয় নিশ্চয়ই সে আল্লাহরই অনুগত হয়ে থাকে, এবং যে ফিরে যায় আমি তার জন্য তোমাকে রক্ষক রূপে প্রেরণ করিনি। — মুজিবুর রহমান

He who obeys the Messenger has obeyed Allah; but those who turn away - We have not sent you over them as a guardian. — Sahih International

৮০. কেউ রাসূলের আনুগত্য করলে সে তো আল্লাহরই আনুগত্য করল(১) আর কেউ মুখ ফিরিয়ে নিলে আপনাকে তো আমরা তাদের উপর তত্ত্বাবধায়ক করে পাঠাই নি।

(১) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আমার উম্মতের সকল লোক জানাতে প্রবেশ করবে। কিন্তু যে অস্বীকার করেছে (সে জানাতবাসী হতে পারবে না)। জিজ্ঞাসা করা হলঃ কে অস্বীকার করেছে, হে রাসূল! উত্তরে বললেনঃ যে আমার অনুসরণ করল সে জানাতে প্রবেশ করবে। আর যে ব্যক্তি আমার অনুসরণ করল না, সে অস্বীকার করল। [বুখারীঃ ৭২৮০]

অপর বর্ণনায় এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে আমার আনুগত্য করল সে অবশ্যই আল্লাহর আনুগত্য করল। আর যে আমার অবাধ্য হলো সে আল্লাহর অবাধ্য হল। অনুরূপভাবে যে ক্ষমতাসীনের আনুগত্য করল সে আমার আনুগত্য করল। আর যে ক্ষমতাসীনের অবাধ্য হলো সে আমার নাফরমানী করলো। ইমাম বা শাসক তো ঢালস্বরূপ, যার পিছনে দাঁড়িয়ে যুদ্ধ করা যায় এবং যার দ্বারা বাঁচা যায়। যদি ইমাম বা শাসক আল্লাহর তাকওয়ার নির্দেশ দেন এবং ইনসাফ করেন তা হলে সেটা তার জন্য সওয়াবের কাজ হবে। আর যদি অন্য কিছু করেন তবে সেটা তার উপরই বর্তাবে। [বুখারীঃ ২৯৫৭, মুসলিমঃ ১৮৩৫]



তাফসীরে জাকারিয়া

(৮০) যে রসূলের আনুগত্য করল, সে আসলে আল্লাহরই আনুগত্য করল। আর যে মুখ ফিরিয়ে নিল, আমি তাদের উপর তোমাকে প্রহরীরূপে প্রেরণ করিনি।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=573

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন